Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
এনএসসি টাওয়ার (১৮তলা)
৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.nationalsavings.gov.bd

**জাতীয় সঞ্চয় অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-এর নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছা: মাকছুদা খাতুন , মহাপরিচালক (অতিরিক্ত সচিব)<br>জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ১৪ মার্চ ২০২২খ্রিঃ; দুপুর ১২.০০ ঘটিকা। |
| স্থান | : | সম্মেলন কক্ষ, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক'তে দেখানো হয়েছে।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি আলোচ্য সূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনের জন্য জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারি পরিচালক ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বেগম সুলতানা জাকিয়াকে অনুরোধ জানান । ফোকাল পয়েন্ট কর্মকর্তা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ ২০২১-২২ অর্থ বছরে মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাসমূহকে মোট ৫০ নম্বরের উপরে মূল্যায়ন করবে। মূল্যায়ণ তিনটি ভাগে বিভক্ত ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থায় ২২ নম্বর, ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নে ৮ এবং ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমে ২০ নম্বর সর্বমোট ৫০ নম্বর বরাদ্দ করা হয়েছে। তিনি আরও জানান, ২০২১-২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যক্রমসমূহের উপর মোট ১০ নম্বর বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে যোগ হবে।

## আলোচ্যসূচি-২: নৈতিকতা কমিটির সভা আয়োজন:

২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ৪ কোয়ার্টারে ৪ টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির একটি করে সভা অনুষ্ঠিত হচ্ছে। এপর্যন্ত তিনটি সভা অনুষ্ঠিত হয়েছে।

সিদ্ধান্তঃ

প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ১ টি করে সভা আয়োজন করতে হবে ।

বাস্তবায়নেঃ পরিচালক (প্রশাসন)।

## আলোচ্যসূচি-২.১: নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:

২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে । সভায় জানানো হয়, ২য় কোয়ার্টারে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ সফলভাবে বাস্তবায়িত হয়েছে। সভাপতি প্রতি কোয়ার্টারে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট সকলকে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন । তিনি নৈতিকতা কমিটির সভার কার্যক্রমসমূহ বাস্তবায়ন অগ্রগতির প্রমাণকসমূহ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সরবরাহের নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ

নৈতিকতা কমিটির প্রতি কোয়ার্টারের কার্যক্রমসমূহের বিপরীতে অর্জনের প্রমাণকসমূহ নির্ধারিত সময়ের মধ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রেরণ করতে হবে ।

বাস্তবায়নেঃ সংশ্লিষ্ট শাখা ।

আলোচ্যসূচি ২.২: **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের** (stakeholders) **অংশগ্রহণে সভা:**

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ৪ কোয়ার্টারে ৪ টি সভা আয়োজন করতে হবে। সভায় জানানো হয়, ১ম কোয়ার্টারে ১৫-০৯-২০২১ খ্রিঃ তারিখে , ২য় কোয়ার্টারে ০৭-১০-২০২১ খ্রিঃ ও ০৯-১২-২০২১ খ্রিঃ তারিখে এবং ৩য় কোয়ার্টারে ০৯-০৩-২০২২ খ্রিঃ তারিখে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়েছে। জুলাই-২১-মার্চ/২২ পর্যন্ত মোট চারটি সভা অনুষ্ঠিত হয়েছে।

সিদ্ধান্তঃ

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার কার্যবিবরনী প্রস্তুত করতে হবে ।

বাস্তবায়নেঃ পরিচালক (অডিট, আইন ও নীতি)।

**আলোচ্যসূচি-২.৩: শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন:**

২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার বিষয়ে কমপক্ষে দুটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। সভায় জানানো হয়, ১৪/০৯/২০২১ ও ১৭/১১/২০২১ তারিখে জাতীয় সঞ্চয় অধিপ্তরের সম্মেলন কক্ষে শুদ্ধাচার সংক্রান্ত দুইটি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

সিদ্ধান্তঃ

শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজনের প্রমাণকসমূহ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ পরিচালক (প্রশাসন ও জনসংযোগ)।

**আলোচ্যসূচি-২.৪: কর্ম-পরিবেশ উন্নয়ন:**

২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি কোয়ার্টারে কর্ম-পরিবেশ উন্নয়ন করার বাধ্যবাধকতা রয়েছে। সভায় সহকারি পরিচালক (প্রশাসন) জানান, জাতীয় সঞ্চয় অধিদপ্তরে কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে ৩০/০৮/২০২১ তারিখে অপ্রয়োজনীয় ও ব্যবহারের অযোগ্য মালামাল অপসারণপূর্বক অফিসের অভ্যন্তর পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে। জাতীয় সঞ্চয় অধিদপ্তরে কর্মরত সকলের সুপেয় পানি নিশ্চিতকরণের লক্ষ্যে ২৫/১১/২০২১ তারিখে নতুন পানির ফিল্টার স্থাপন করা হয়েছে।

সিদ্ধান্তঃ

কার্যক্রম ১.৫ এর আলোকে গৃহীত কার্যক্রমের প্রমানক হিসেবে বাস্তবায়ন প্রতিবেদন, সংশ্লিষ্ট পত্র, প্রযোজ্য ক্ষেত্রে ছবি ও অন্যান্য প্রাসঙ্গিক প্রমানক ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ পরিচালক (প্রশাসন ও জনসংযোগ)।

**আলোচ্যসূচি-২.৫: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ ;**

সভায় জানানো হয়, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২১-২২ অভ্যন্তরীণ সম্পদ বিভাগে ০৯/০৬/২০২১ তারিখে প্রেরণ করা হয়েছে এবং অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। । ১ম কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর/২০২১) ১২-১০-২০২১ খ্রিঃ তারিখে; ২য় কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর-ডিসেম্বর/২১) ১১-০১-২০২২ খ্রিঃ তারিখে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

সিদ্ধান্তঃ

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ত্রৈমাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যথাসময়ে দাখিল ও স্ব ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নেঃ পরিচালক (প্রশাসন ও জনসংযোগ)।

**আলোচ্যসূচি-২.৬: শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ :**

২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী, ৩১-০৩-২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজন । সভায় পরিচালক (নীতি) জানান, শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী জাতীয় সঞ্চয় অধিদপ্তর ও এর আওতাধীন অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত ১৩-০৩-২০২২ খ্রিঃ তারিখে মূল্যায়ন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সুপারিশ অনুযায়ী ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নথি মহাপরিচালক মহোদয় বরাবর উপস্থাপন করা হবে।

সিদ্ধান্তঃ

২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবাসইটে প্রকাশ করতে হবে।

বাস্তবায়নেঃ পরিচাল (প্রশাসন ও জনসংযোগ)।

**আলোচ্যসূচি-২.৭: আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন:**

২০২১-২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে । সভায় সহকারি পরিচালক (প্রশাসন) জানায়, জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ২০২১-২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা প্রস্তুতপূর্বক ৫-১০-২০২১ খ্রিঃ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

সিদ্ধান্তঃ

বার্ষিখ ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পাদন করতে হবে।

বাস্তবায়নেঃ পরিচালক (প্রশাসন ও জনসংযোগ)।

আলোচ্যসূচি-২.৮: **পুনঃভরণ সংক্রান্ত জটিলতা নিরসনে সভা আয়োজন;**

পুনঃভরন সংক্রান্ত জটিলতা নিরসনে দুটি সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। জুলাই-ডিসেম্বর/২১ পর্যন্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

সিদ্ধান্তঃ

পুনঃভরন সংক্রান্ত জটিলতা নিরসনে সভার আয়োজন করতে হবে ।

বাস্তবায়নেঃ পরিচালক (অডিট, আইন ও নীতি)।

আলোচ্যসূচি-২.৯: সঞ্চয়পত্রে প্রাতিষ্ঠানিক বিনিয়োগ পরিবীক্ষণ;

সভায় জানানো হয়, প্রতি কোয়ার্টারে সঞ্চয়পত্রে প্রাতিষ্ঠানিক বিনিয়োগ পরিবীক্ষণ করা হয় । জাতীয় সঞ্চয় অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম'-এ ইস্যুকৃত, পূর্বে ইস্যুকৃত সঞ্চয়পত্রে প্রাতিষ্ঠানিক বিনিয়োগের বিভিন্ন সমস্যার সমাধানের লক্ষ্যে এ কার্যালয়ের নীতি শাখা কাজ করে যাচ্ছে।

সিদ্ধান্তঃ

সঞ্চয়পত্রে প্রাতিষ্ঠানিক বিনিয়োগের নিয়মিত পরিবীক্ষণ অব্যাহত রাখতে হবে ।

বাস্তবায়নেঃ পরিচালক (অডিট, আইন ও নীতি)।

আলোচ্যসূচি-২.১০: অনলাইনে ডেথ কেস (Death case) নিষ্পত্তির উদ্যোগ;

জাতীয় সঞ্চয় অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম'-এ ইসুকৃত সঞ্চয়পত্রের ডেথ কেস নিষ্পত্তির লক্ষ্যে নীতি শাখা যাচাই-বাছাইপূর্বক এসপিএফএমএস (SPFMS) কর্মসূচী অফিসে প্রেরণ করে।

সিদ্ধান্তঃ

অনলাইনে ডেথ কেস নিষ্পত্তির লক্ষ্যে প্রাপ্ত পত্র দ্রুত সংশ্লিষ্ট অফিসে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ পরিচালক (অডিট, আইন ও নীতি)।

আলোচ্যসূচি-২.১১: অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব প্রেরণ;

অডিট আপত্তির ৫০% নিষ্পত্তির বাধ্যবাধকতা রয়েছে। সহকারি পরিচালক (অডিট) জানান, ৩৯টি অডিট আপত্তির বিপরীতে ৩৪টি অডিট আপত্তির ব্রডশীট জবাব অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও রাজস্ব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। যা লক্ষ্যমাত্রার ৮৭%।

সিদ্ধান্তঃ

যেসব অডিট আপত্তির জবাব এখনো প্রেরণ করা হয় নাই সেগুলোর জবাব দ্রুত প্রেরণের ব্যবস্থা নিতে হবে।

বাস্তবায়নেঃ পরিচালক (অডিট, আইন ও নীতি)।

আলোচ্যসূচি-২.১২: বাজেট বাস্তবায়ন পরিকল্পনা পরিবীক্ষণ;

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন মাঠপর্যায়ের অফিসের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা ৩০-০৬-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে পরিবীক্ষনের বাধ্যবাধকতা রয়েছে। সভাপতি আওতাধীন মাঠপর্যায়ের অফিসের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা পরিবীক্ষনের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন।

সিদ্ধান্তঃ

আওতাধীন মাঠপর্যায়ের অফিসের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা পরিবীক্ষণপূর্বক প্রতিবেদন প্রস্তুত করতে হবে।

বাস্তবায়নেঃ পরিচালক (অর্থ ও পরিকল্পনা) এবং পরিচালক (প্রশাসন ও জনসংযোগ)।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৪/২২

(মোছা: মাকছুদা খাতুন)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
☎: ৪১০৫০৫০৬।

নং-০৮.০৪.০০০০.০১১.১৬.০৩৭.২১-৭২৭

তারিখঃ ২১ চৈত্র ১৪২৮ বঃ
০৪ এপ্রিল ২০২২ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব,অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। উপপরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ------------------------------------

০৪। উপপরিচালক (সকল), জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, ----------------------------------------------।

০৫। সহকারী পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা-------------------------------।

০৬। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা ।

০৭। অফিস নথি।

(সুলতানা জাকিয়া)
সহকারি পরিচালক